গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

বিজ্ঞপ্তি নং- ১৫৭

তারিখ: ১৭/০৯/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে চাঁদপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির প্রয়োজনীয় নির্দেশনা:

ভর্তির তারিখ ও বার	শাখা	সময়	স্থান
২০/০৯/২০২৬ খ্রি. রবিবার	বিজ্ঞান শাখা	সকাল-১০:৩০টা - দুপুর ২:৩০টা পর্যন্ত	মূল ভবন, কক্ষ নং- ২০৩
২১/০৯/২০২৬ খ্রি. সোমবার	ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা		
২২/০৯/২০২৫ খ্রি. মঙ্গলবার	সকল শাখা (যে সকল শিক্ষার্থী নির্ধারিত তারিখে ভর্তি হতে পারবে না)	সকাল-১০:৩০টা - দুপুর ২:৩০টা পর্যন্ত	কলেজ অফিস

১। ভর্তি ফরম পূরণ: চাঁদপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে ভর্তি ফরম পূরণ করার জন্য কলেজ ওয়েব সাইট **www.chandpurcollege.edu.bd** প্রবেশ করে **HSC Admission 2026-27** ক্লিক করে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে প্রয়োজনীয় সকল তথ্যাবলী দিয়ে ভর্তি ফরম পূরণপূর্বক **Submit** করে (তিন কপি) প্রিন্ট নিতে হবে ।

২। ভর্তি ফি জমা: ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বিকাশ/নগদ/সেলফিন অ্যাপস্-এ প্রবেশ করে এ্যাডুকেশন ফি/পে-বিল অপশনে গিয়ে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করবে অতপর **Student ID** এর স্থলে শিক্ষার্থী নিজের এসএসসি রোল নম্বর লিখে **Month-Sep26 Select** করে ভর্তির ফিস (সার্ভিস চার্জসহ) জমা দিতে হবে।

৩। ভর্তি ফি : বিজ্ঞান শাখা ⟹ ছাত্র ২৮৩৫/- ছাত্রী ২৫৯৫/-, মানবিক/ব্যবসায় শিক্ষা শাখা ⟹ ছাত্র ২৬১০/- ছাত্রী ২৩৭০/-

৪। বিষয় নির্বাচন:

শাখা	আবশ্যিক বিষয়সমূহ:	শাখাভিত্তিক নৈর্বাচনিক বিষয়- ০৩ টি	শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয়- ০১ টি
বিজ্ঞান	বাংলা, ইংরেজি ও আইসিটি	১। পদার্থবিজ্ঞান (আবশ্যিক) ২। রসায়ন বিজ্ঞান (আবশ্যিক) ৩। জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত (যে কোনো ০১টি)	১। জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত (যে কোনো ০১টি)
মানবিক	বাংলা, ইংরেজি ও আইসিটি	১। সমাজকর্ম ২। পৌরনীতি ও সুশাসন ৩। ইতিহাস অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (যে কোনো ০১টি) ৪। ভূগোল ৫। অর্থনীতি ৬। যুক্তিবিদ্যা	১। সমাজকর্ম ২। পৌরনীতি ও সুশাসন ৩। ইতিহাস অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (যে কোনো ০১টি) ৪। ভূগোল ৫। অর্থনীতি ৬। যুক্তিবিদ্যা ৭। ইসলাম শিক্ষা
ব্যবসায় শিক্ষা	বাংলা, ইংরেজি ও আইসিটি	১। হিসাববিজ্ঞান (আবশ্যিক) ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (আবশ্যিক) ৩। ফিন্যান্স-ব্যাংকিং ও বীমা ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৫। অর্থনীতি	১। ফিন্যান্স-ব্যাংকিং ও বীমা ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৩। অর্থনীতি

৫। ভর্তির ফরমের সাথে যেসকল প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে:

- নির্দেশনাপত্র/অঙ্গীকারপত্র (যাহা কলেজ ওয়েবসাইটে (www.chandpurcollege.edu.bd) পাওয়া যাবে)।
- অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ৩ কপি।
- বিকাশ/নগদ/সেলফিন-এ ভর্তি ফি পেমেন্ট কপি ২টি।
- এস.এস.সি পরীক্ষার মূল নম্বরপত্র এবং নম্বরপত্রে ফটোকপি ২টি।
- শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি ১ টি।
- শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১টি করে।
- পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (ছবির পিছনে নাম, শাখা ও রোল নম্বর অবশ্যই লিখে দিতে হবে)।
- মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মূল সনদপত্র ও ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক অনলাইনে ইস্যুকৃত ওয়ারিশ সনদের মূল কপি।
- শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে অভিভাবক চাঁদপুর জেলায় কর্মরত এ মর্মে অভিভাবকের দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র।

৭। ক্লাস শুরু: আগামী ২৩/০৯/২০২৬ তারিখ, রোজ: বুধবার।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ- ০১৭৩০৫৮৮৮৭৩, (সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০টা পর্যন্ত)।

কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd

১৭/০৯/২০২৬
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর
১৭/০৯/২০২৬

নির্দেশনাপত্র/অঙ্গীকারপত্র

(২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে চাঁদপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য)

- ভর্তির পর শিক্ষার্থীকে অবশ্যই নির্ধারিত ইউনিফর্ম পরিধান ও আইডি কার্ড ব্যবহার করে কলেজে আসতে হবে।

  <u>ছেলেদের ইউনিফর্ম:</u> সাদা হাফ/ফুল শার্ট, কালো প্যান্ট ও বেল্ট, কালো স্যু, শীতকালে নেভী ব্লু হাফ/ফুল হাতা সোয়েটার।
  <u>মেয়েদের ইউনিফর্ম:</u> সাদা সালোয়ার কামিজ, ওড়না, স্কার্ফ, এপ্রোন, সাদা কেডস্, শীতকালে নেভী ব্লু সোয়েটার।

- শিক্ষার্থীদের ইউনিফর্মের সাথে অবশ্যই কলেজ মনোগ্রাম যুক্ত করতে হবে।
- শিক্ষার্থীরা তাদের যে কোনো প্রয়োজনে সংশ্লিষ্ট কাউন্সিলর/সমন্বয়ক স্যারের সাথে যোগাযোগ রাখতে হবে।
- প্রতিষ্ঠানের অভ্যন্তরে শিক্ষার্থীদের Smart Phone, Smart Watch সহ অন্যান্য Electronic Device ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- নিয়মিত ক্লাস ও ব্যবহারিক ক্লাসে উপস্থিত থাকতে হবে। ক্লাসে উপস্থিতি মোট অনুষ্ঠিত ক্লাসের ৮০% এর নিচে থাকলে নন-কলিজিয়েট হিসেবে গণ্য করা হবে।
- শিক্ষার্থীদেরকে নিয়মিত অনুষ্ঠিতব্য ক্লাস টেস্ট, অর্ধ-বার্ষিক, বার্ষিক, প্রাক-নির্বাচনী এবং নির্বাচনীসহ প্রতিটি পরীক্ষায় পর্যায়ক্রমে উত্তীর্ণ হতে হবে। অন্যথায় পরবর্তী পর্যায়ে উন্নীত করা হবে না।

  শিক্ষার্থীদের চুলের কাটিং, পোশাক-পরিচ্ছদ ও ব্যক্তিগত পরিচ্ছন্নতার ক্ষেত্রে কলেজের শিক্ষাবান্ধব পরিবেশ ও শালীনতা বজায় রাখতে হবে।

- কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত শৃঙ্খলা, বৈধ ও যুক্তিসংগত নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
- ক্যাম্পাসে ধুমপান সম্পূর্ণ নিষিদ্ধ।

উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ অবশ্যই পালন করতে আমি অঙ্গীকারবদ্ধ। অন্যথায় আমার ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ যে ধরনের সিদ্ধান্ত গ্রহণ করবে, তা আমি মানতে বাধ্য থাকব।

____

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
সক্রিয় মোবাইল নম্বর:

____

অভিভাবকের স্বাক্ষর
সক্রিয় মোবাইল নম্বর: